যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১০৬৬

১/ বিবিধ

আরবী

أربع من أعطيهن فقد أعطي خير الدنيا والآخرة: قلب شاكر، ولسان ذاكر وبدن على البلاء صابر، وزوجة لا تبغيه خونا في نفسها ولا ماله
ضعيف

أخرجه ابن أبي الدنيا في " كتاب الشكر " (5/2) : حدثنا محمود بن غيلان المروزي: أخبرنا المؤمل بن إسماعيل: أخبرنا حماد بن سلمة: أخبرنا حميد الطويل عن طلق بن حبيب عن ابن عباس أن رسول الله صلى الله عليه وسلم قال: فذكره
وهكذا أخرجه الطبراني أخرجه الضياء المقدسي في " الأحاديث المختارة " (283/2) ، ثم أخرجه الطبراني في " المعجم الأوسط " (ورقم 7351) بإسناده المتقدم إلا أنه وقع فيه " موسى " بدل " المؤمل "، وكذا وقع في " زوائد المعجمين " (1/163/1) وهو خطأ لا شك فيه، لا أدري ممن هو؟ ولعله من بعض النساخ القدامى، فقد تورط به جماعة، فحكموا على إسناد " الأوسط " بغير ما حكموا به على " الكبير " كما سيأتي، وهو هو! فإن شيخه فيهما واحد، وهو الجنديسابوري، وشيخ هذا كذلك، وهو ابن غيلان المروزي، وقد رواه عنه ابن أبي الدنيا كما رواه في " الكبير " فكان ذلك من المرجحات لروايته على رواية " الأوسط " ويؤيد ذلك أمران
الأول: أن الحسن بن سفيان قال: حدثنا محمود بن غيلان به
أخرجه أبو نعيم في " الحلية " (3/65) وفي " الأربعين الصوفية " (58/2)
حدثنا محمد بن أحمد بن حمدان: حدثنا الحسن بن سفيان به

ومن طريق أبي نعيم رواه الضياء أيضا في " المختارة
والآخر: أن ابن غيلان قد توبع عليه، فقال ابن أبي الدنيا في " كتاب الصبر " (ق 43/2) : حدثنا محمود بن غيلان والحسن بن الصباح قالا: حدثنا المؤمل بن إسماعيل به
قلت: وفي هذا رد على الطبراني، فإنه قال
لم يروه عن طلق إلا حميد، ولا عنه إلا حماد، ولا عنه إلا مؤمل وفي الأصل موسى، وقد عرفت خطأه، تفرد به محمود
فقد تابعه الحسن بن الصباح، وكأنه لذلك لم يذكر أبو نعيم هذا التفرد وإنما تفرد المؤمل، فقال
غريب من حديث طلق، لم يروه متصلا مرفوعا، إلا مؤمل عن حماد
قلت: وهو ضعيف لكثرة خطئه، وقد وصفه بكثرة الخطأ الإمام البخاري والساجي وابن سعد والدارقطني، وقال ابن نصر
إذا تفرد بحديث، وجب أن يتوقف، ويثبت فيه، لأنه كان سيىء الحفظ، كثير الغلط
ولخص ذلك الحافظ في " التقريب " فقال: صدوق سيء الحفظ
قلت: فمؤمل بن إسماعيل هذا هو علة هذا الحديث، وقد تفرد به كما حققناه في هذا التخريج بما لم نسبق إليه والفضل لله عز وجل، فاسمع الآن ما قاله العلماء، مما وصل إليه علمهم، وهم على كل حال مجزيون خيرا إن شاء الله تعالى، قال الحافظ المنذري في " الترغيب " (3/67)
رواه الطبراني في " الكبير " و" الأوسط "، وإسنادهما جيد
وقال الهيثمي في " المجمع " (4/273)
رواه الطبراني في " الكبير " و" الأوسط "، ورجال الأوسط رجال الصحيح
كذا قالا؛ ظنا منهما أن المؤمل بن إسماعيل لم يتفرد به، وأنه تابعه موسى بن إسماعيل، في رواية " الأوسط "، ولوصح ذلك، لكان الإسناد جيدا، رجاله رجال الصحيح، لأن موسى بن إسماعيل وهو التبوذكي ثقة محتج به في " الصحيحين "

ولكنه لا يصح ذلك، لأن الرواية المشار إليها خطأ من بعض النساخ كما سبق تحقيقه، واغتر بكلام المنذري والهيثمي بعض ما جاء بعدهما، فقد أورده السيوطي في " الجامع الصغير " من رواية الطبراني في " الكبير " والبيهقي في " الشعب " ورمز لحسنه! ونقل المناوي كلامهما المتقدم، أعني المنذري والهيثمي، ثم قال
وبذلك يعرف أن إهمال المؤلف الطريق الصحيح، وإيثاره الضعيف من سوء التصرف هذا وقد رمز لحسنه!، وأكد كلامه هذا ولخصه في " التيسير " بقوله
وبعض أسانيد الطبراني جيد
وقلده الشيخ الغماري فأورد الحديث في " كنزه " (342) !، فتأمل كيف يقع الخطأ من الفرد، ثم يغفل عنه الجماعة ويتتابعون وهم لا يشعرون، ذلك ليصدق قول القائل: كم ترك الأول للآخر، ويظل البحث العلمي مستمرا، ولولا ذلك لجمدت القرائح، وانقطع الخير عن الأمة
ثم إن للحديث طريقا أخرى، ولكنها واهية جدا، أخرجه أبو نعيم في " تاريخ أصبهان " (2/167) عن هشام بن عبيد الله الرازي: حدثنا الربيع بن بدر: حدثنا أبو مسعود: حدثني أنس بن مالك مرفوعا به
قلت: وهذا إسناد واه جدا
هشام بن عبيد الله الرازي فيه ضعف
الربيع بن بدر، متروك شديد الضعف
أبو مسعود هذا لم أعرفه

বাংলা

১০৬৬। চারটি বস্তু যাকে দেয়া হবে তাকে দুনিয়া ও আখেরাতের কল্যাণ দেয়া হয়েছেঃ শুকুরগুজার অন্তর, যিকরকারী যবান, বিপদে ধৈর্যধারণকারী শরীর এবং এমন এক স্ত্রী যে তার নিজের ব্যাপারে এবং তার স্বামীর সম্পদের ব্যাপারে তার খিয়ানাত করে না।

হাদীসটি দুর্বল।

এটি ইবনু আবিদ দুনিয়া "কিতাবুশ শুকর" গ্রন্থে (২/৫) মাহমূদ ইবনু গায়লান মারওয়ায়ী হতে, তিনি মুয়াম্মাল ইবনু ইসমাঈল হতে, তিনি হাম্মাদ ইবনু সালামাহ হতে, তিনি হুমায়েদ আত-ত্ববীল হতে ... বর্ণনা করেছেন।

এভাবেই ত্ববারানী "আল-মুজামুল কাবীর" গ্রন্থে (৩/১১৬/১) মুহাম্মাদ ইবনু জাবান আলজান্দাইসাপুরী হতে, তিনি মাহমূদ ইবনু গায়লান হতে বর্ণনা করেছেন।

ত্ববারানীর সূত্রে যিয়া আল-মাকদেসী "আল-আহাদীসুল মুখতারাহ" গ্রন্থে (২/২৮৩) বর্ণনা করেছেন।

অতঃপর ত্ববারানী "আলমুজামুল আওসাত" গ্রন্থে (নং ৭৩৫১) উপরের সনদে বর্ণনা করেছেন। তবে তিনি মুয়াম্মালের স্থলে মূসাকে উল্লেখ করেছেন। অনুরূপ "যাওয়ায়েদুল মুজামায়েন" গ্রন্থেও (১/১৬৩/১) ঘটেছে। নিঃসন্দেহে তা ভুল। জানি না তা কার থেকে ঘটেছে? সম্ভবত কোন কপি কারক হতে এমনটি হয়েছে।

মুয়াম্মাল এককভাবে হাদীসটি বর্ণনা করেছেন। আবু নুয়াইম বলেনঃ তালক হতে এ হাদীসটি গারীব। কারণ হাম্মাদ হতে মুয়াম্মাল ছাড়া মারফূ’ মুত্তাসিল হিসেবে অন্য কেউ হাদীসটি বর্ণনা করেননি।

আমি (আলবানী) বলছিঃ তিনি (মুয়াম্মাল) দুর্বল তার থেকে বেশী ভুল সংঘটিত হওয়ার কারণে। ইমাম বুখারী, সাজী, ইবনু সায়াদ ও দারাকুতনী তাকে বেশী ভুল করার সাথে সম্পৃক্ত করেছেন। ইবনু নাসর বলেনঃ তিনি যখন কোন হাদীস এককভাবে বর্ণনা করবেন, তখন তা গ্রহণ করা হতে বিরত থাকা ওয়াজিব। কারণ তার হেফযে ত্রুটি ছিল, তিনি বহু ভুল করতেন।
হাফিয ইবনু হাজার “আত-তাকরীব” গ্রন্থে বলেনঃ তিনি সত্যবাদী হেফযে ত্রুটিযুক্ত।

ত্ববারানীর “আল-আওসাত” গ্রন্থে মুয়াম্মালের পরিবর্তে মূসা আসায় তাকে মুতাবা’য়াতকারী হিসেবে ধরে হাফিয মুনযেরী "আত-তাকরীব" গ্রন্থে সনদটি ভাল বলে হুকুম লাগিয়েছেন। হায়সামীও "আল-মাজমা" (৪/২৭৩) গ্রন্থে বলেছেনঃ “আওসাত” গ্রন্থের বর্ণনাকারীগণ সহীহ বর্ণনাকারী। কারণ মূসা ইবনু ইসমাঈল নির্ভরযোগ্য।

কিন্তু তা সঠিক নয়। বরং কোন কপিকারক হতে ভুল করে তা ঘটেছে। কারণ উভয় (কাবীর ও আওসাতে) গ্রন্থে ত্ববারানীর শাইখ একজনই, তিনি হচ্ছেন জান্দায়সাপুরী, এর শাইখও একজন তিনি হচ্ছেন ইবনু গায়লান মারওয়ায়ী। ইবনু আবিদ দুনিয়া তার থেকে বর্ণনা করেছেন যেমনিভাবে "আল-কাবীর" গ্রন্থে ত্ববারানী বর্ণনা করেছেন। এসব কিছুই প্রমাণ করছে যে, "আল-কাবীর" গ্রন্থে উল্লেখিত মুয়াম্মালই সঠিক, “আল-আওসাত” গ্রন্থের মূসা সঠিক নয়।

মুনযেরী ও হায়সামীর কথায় তাদের পরবর্তী কেউ কেউ ধোকায় পড়েছেন। যেমন মানবী ও শাইখ গুমারী।

হাদীসটির আরেকটি সূত্র রয়েছে। কিন্তু সেটি খুবই দুর্বল। সেটি আবু নুয়াইম “তারীখু আসবাহান” গ্রন্থে (২/১৬৭) হিশাম ইবনু ওবাইদিল্লাহ হতে, তিনি রাবী’ ইবনু বাদর হতে, তিনি আবু মাসউদ হতে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি খুবই দুর্বলঃ

১। হিশাম ইবনু ওবাইদিল্লাহ আর-রাযীর মধ্যে দুর্বলতা রয়েছে।

২। রাবী’ ইবনু বাদর মাতরূক, খুবই দুর্বল।

৩। এই আবূ মাসউদকে আমি চিনি না।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=71945

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন